# স্বনির্ভরগোষ্ঠীর মহিলাদের দক্ষতা বাড়াতে পিআইএমটি'র ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি** : 'প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি' আর 'ইনস্টিটিউট অফ কোঅপারেটিভ ম্যানেজমেন্ট অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'এর যৌথ উদ্যোগে ৮ থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত ১৫ দিন ধরে স্বনির্ভরগোষ্ঠীর মহিলাদের 'এলডারলি কেয়ারগিভার্স অ্যান্ড ওল্ড এজ ম্যানেজমেন্ট' বিষয়ে দক্ষতা বাড়ানোর প্রশিক্ষণ দেওয়া হয় পিআইএমটি'র বালিগঞ্জ ক্যাম্পাসে। গ্রামবাংলার ২৪ জন মেয়েকে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ শেষে সকলকে 'নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়'এর পক্ষ থেকে শংসাপত্র দেওয়া হয় 'সমষ্টি উন্নয়ন কর্মসূচি'র অঙ্গ হিসাবে। সকলের হাতে শংসাপত্র তুলে দেন ইনস্টিটিউট অফ কো-অপারেটিভ ম্যানেজমেন্ট অ্যান্ড রুরাল ডেভেলপমেন্টের ম্যানেজিং ডিরেক্টর চিন্ময় গুপ্ত আর



রাজ্য সরকারের কোপারেশন বিভাগের অতিরিক্ত যুগ্ম সচিব অজয়কুমার রাম। পিআইএমটি'র অধিকর্তা অধ্যাপক প্রবীরকুমার দে জানান, 'স্টেট ইউনিভার্সিটির সঙ্গে যৌথ উদ্যোগে আগামী বছরের জানুয়ারি মাস থেকে 'এলডারলি কেয়ারগিভার অ্যান্ড জেরিয়াট্রিক ম্যানেজমেন্ট'এর ১ বছরের ডিপ্লোমা কোর্স চালু করা হবে।